আলমডাঙ্গায় ট্যাপেন্ডা রাখার অভিযোগে যুবকের ৬ মাসের কারাদণ্ড

আলমডাঙ্গার কামালপুর ট্যাপেন্ডাডল ট্যাবলেট রাখার অপরাধে রিয়াজ নামের এক মাদক সেবীকে ৬ মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর উপস্থিত হয়ে এ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকাধীন কামালপুর গ্রামের দীর্ঘদিন যাবৎ মহির ছেলে রিয়াজ ট্যাপেন্ডা ডল ট্যাবলেট বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ নেশাযুক্ত ঔষধ ট্যাপেন্ডাডলসহ রিয়াজকে আটক করে।

পরে বিষয়টি উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুরকে অবগত করা হয়। ওই এলাকায় নির্বাহি ম্যাজিস্ট্রেট উপস্থিত হয়ে রিয়াজকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই সুফল কুমার বিশ্বাস সঙ্গীয় ফোর্স।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“টেকসই আগামীর জন্য,জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকাল ১০টায় আলোচনা সভা, মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে সকাল ১০টায় জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে শহরে বর্ণাঢ্য র্যালি বের

করা হয়।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য খালেদা খানম, প্রধান বক্তা জেলা প্রশাসক মনিরা বেগম।

আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ মহিলা বিষয়ক অধিদপ্তর’র উপ-পরিচালক তমান্নাজ খন্দকার, ঝিনাইদহ জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান দীপ্তি রহমান, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিকসহ সরকারি, বেসরকারি দপ্তর ও সংস্থার প্রতিনিধি ও কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহায়তায় সমাজে নারীর ক্ষমতায়ন যথেষ্ট গুরুত্ব পেয়েছে। সরকার নারী নীতির বিষয়টিকে প্রাধান্য দিয়েছে এবং সরকার নারীদের যথার্থ মর্যাদা প্রতিষ্ঠার পাশাপাশি অর্থনৈতিক, সামাজিক, প্রশাসনিক ও রাজনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে।

এছাড়া শহরের পায়রা চত্বরে মানবাধিকার ফোরাম ঝিনাইদহসহ জেলার বিভিন্ন সংগঠন এবং সংস্থার উদ্যোগে নারী দিবস উপলক্ষে র্যালি, মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বিষয়খালী জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অভিযান ও জরিমানা আদায়

ঝিনাইদহ সদর বিষয়খালী বাজারে অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। মঙ্গলবার সকাল ১০টার সময় এই অভিযান চালানো হয় ।

এসময় মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন খাদ্যপণ্যে, অস্বাস্থ্যকর পরিবেশে অনুমোদন বিহীন রং ব্যবহার করে অনিরাপদ ও মানসম্পন্ন নয় এরুপ খাদ্য সামগ্রী তৈরির অভিযোগে জরিমানা আদায় করেন ।

ঝিনাইদহ জেলার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে এই অভিযান চালানো হয়। এই সময় বিশ্বাস স্টোর কে মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও পণ্য ক্রয়ের রশিদ না থাকার কারণে এক হাজার টাকা জরিমানা করেন।

গোতম স্টোরের মালিক নারায়ন চন্দ্র বিশ্বাস কে মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখার জন্য পাঁচশত টাকা জরিমানা এবং ঘোষ সুইট এর স্বত্বাধিকারীকে দুই হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় পরিচালক মোহাম্মদ জিয়াউল হক সাধারন জনগণের উদ্দেশ্যে বলেন, কোন পণ্য ক্রয়ের পূর্বে অবশ্যই মেয়াদ আছে কি না দেখে ক্রয় করতে হবে, সয়াবিন তেলের নির্ধারিত মূল্য থেকে যদি বেশি নেয় তা হলে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে হবে।

আলমডাঙ্গায় পৌর শহরে উচ্ছেদ অভিযান শুরু

আলমডাঙ্গার পৌর শহরে অবৈধ ভাবে স্থাপনা ও ফুটপথ দখলে উচ্ছেদ অভিযানে নেমেছে কতৃপক্ষ। মঙ্গলবার সকাল ১০ টা থেকে পৌর শহরের স্বাধীনতা স্তম্ভ মোড় হতে চারতলা পর্যন্ত এ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে জানান পৌর মেয়র হাসান কাদির গনু।

পৌরসভা সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর শহরের রাস্তায় দীর্ঘদিন যাবৎ যানবহনের চাপ বাড়ছে। দীর্ঘ হচ্ছে যানজটের। এতে দুর্ভোগে পড়ছে সাধারণ মানুষ। জনসাধারণের দুর্ভোগ লাঘবে উচ্ছেদ অভিযানে নেমেছে পৌর কতৃপক্ষ।

এ উচ্ছেদ অভিযানকে ঘিরে পৌর মেয়র হাসান কাদির গনু দৈনিক মেহেরপুর প্রতিদিনকে জানান, আলমডাঙ্গা পৌর শহরে বাড়ছে যানজট।

এছাড়াও কিছু কতিপয় মানুষ রাস্তার পাশে ফুটপথ দখল করে দোকান নির্মাণ করেছে। এসকল দোকানের কারণে জনগণ ফুটপথ ব্যবহার করতে পারছে না।

তিনি আরো বলেন, উচ্ছেদ অভিযানের প্রথম দিনে পৌর কতৃপক্ষ সকল উচ্ছেদকৃত মালামাল জব্দ করা হচ্ছে। এছাড়াও উচ্ছেদের আওতাধীন যারা পড়েছে পরবর্তীতে তারা সরিয়ে না নিলে জরিমানা আদায় করা হবে।

পৌর শহরে উচ্ছেদ অভিযানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর, সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর জানান, সকাল থেকে এ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হচ্ছে। পরবর্তীতে পৌর শহরের সকল এলাকায় অবৈধ দখলদারীদের উচ্ছেদ করা হবে।

হরিণাকুণ্ডতে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“শেখ হাসিনার বার্তা নারী পুরুষ সমতা” স্লোগানে “টেকসই আগামীর জন্য জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহ জেলার হরিনাকুণ্ড উপজেলাতে নানা আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে হরিণাকুণ্ড উপজেলা চত্বর থেকে শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্বরে এসে একটি আলোচনা সভায় মিলিত হয়।

হরিণাকুণ্ড উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সকাল ১১.০০ ঘটিকায়, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সেলিম আহমেদ এর সভাপতিত্বে, আবু সাঈদ টুনু এর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত

বক্তব্য রাখেন মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা।

এছাড়াও বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান,সমাজসেবা কর্মকর্তা শিউলী রানী,প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হুসাইন, হরিণাকুণ্ডু প্রেসক্লাব এর সভাপতি এইচ মাহবুব মিলু, সিনিয়র সহ সভাপতি মোস্তাফিজুর রহমান এল,বি লিটন সালেহা বেগম মহিলা ডিগ্রী কলেজের সহযোগি অধ্যাপক জামাল উদ্দিন, নাজমা সামাওয়াত,সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নফিজ উদ্দিন সহ আরও অনেকেই।

এ সময় বক্তারা বলেন, নারীকে যোগ্যতার সাথে টিকে থাকতে হলে নারীর ক্ষমতায়ন দরকার। বর্তমান সরকার নারীর ক্ষমতায়নে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ফলশ্রতিতে দেশের উৎপাদন ব্যবস্থায় নারীর অংশ গ্রহণ বেড়েছে। অনুষ্ঠানে নারীর অধিকার প্রতিষ্ঠায় ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে নারী-পুরুষ ভেদাবেদ ভুলে অধিকার ও মর্যাদায় নারী-পুরুষ সমানে সমান হয়ে কাজ করে দেশকে এগিয়ে নেয়ার আহবান জানানো হয়।

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

“টেকসই আগামীর জন্য,জেন্ডার সমতা আজ অগ্রগণ্য”শেখ হাসিনার বার্তা নারী পুরুষ সমতা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা মধ্য দিয়ে মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস।
দিবসটি উপলক্ষে,
মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।
উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।
এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস

চেয়ারম্যান আফরোজা খাতুন,বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন,মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ,উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারসহ নারীরা উক্ত র্যালীতে অংশ নেন।
পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে পরিষদ হলরুমে নারী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনীর সংগ্রামী সাবিনা’র নিরব লড়াই ও আত্ননির্ভর হয়ে ওঠার গল্প

স্বামী সংসারে ঠাঁই না হলে সমাজে নারীরা নানা নির্যাতন ও অত্যাচারের শিকার হচ্ছে প্রতিনিয়ত। তারপরও তারা আর্থ সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রেখে চলেছে। এমনই এক আত্ম প্রত্যয়ী ও জীবন সংগ্রামী নারী সাবিনা ইয়াসমীন। যিনি স্বামী হারিয়ে পিতৃ গৃহে ঠাঁই না পেয়ে আত্মশক্তিতে নিজের পায়ে দাঁড়িয়েছেন। তার সাহসী উদ্যোগ নারী সমাজে ব্যাপক ভূমিকা অর্জন করেছে। অসহায় এবং সমাজের বোঝা হিসাবে যেসব নারীরা ঘরে বসে থাকতো তারা এখন আশার আলো দেখছেন। এক সময় স্বামীর সংসারত্যাগী হয়ে বাবার বাড়ি ফিরে আসায় সমাজের বিভিন্ন মানুষের কাছে কটু কথা শুনতে হয়েছে। সইতে হয়েছে নানা অপমানও। তবুও বেঁচে থাকা ও সন্তানদের বাঁচিয়ে রাখার তাগিদে হাড়ভাঙ্গা পরিশ্রম করে সমাজে আজ প্রতিষ্ঠিত। তাকে অনুসরণ করে নারীরা তাদের ভাগ্য পরিবর্তনের সঙ্গে নিজদের করেছে প্রতিষ্ঠিত । সাবিনা ইয়াসমিন মেহেরপুরের গাংনীর হাড়িয়াদহ গ্রামের তহির উদ্দীনের মেয়ে।

জানা গেছে, সাবিনা যখন নবম শ্রেণির শিক্ষার্থী তখন তার বিয়ে হয় গাংনীর থানা পাড়ায়। মাদকাসক্ত স্বামীর অমানসিক নির্যাতন সহ্য করতে হতো তাকে। ২০১২ সালে এক শিশু পুত্র ও কণ্যাকে রেখে মাদকাক্ত হয়ে স্বামী মারা যায়। শাশুড়ি ননদ ও দেবর ভাসুরের অত্যাচারে সে সময় স্বামীর বাড়িতে ঠাঁই হয়নি সাবিনার। আবার পাঁচ বোন ও এক ভাই তাকে পরিবারে ঠাঁই দেয়নি। অসহায় পিতামাতার কাছেও

দাঁড়িয়েছেন বর্তমান সরকার। অসহায় ও প্রশিক্ষিত নারীদের বিভিন্ন ভাবে সরকারি সুবিধার আওতায় আনা হচ্ছে এবং সরকারি সুবিধা দেয়া হচ্ছে। তবে সাবিনা ইয়াসমিন আমাদের সমাজ পরিবর্তনের একটি উদহারণ। সে কারো সহযোগীতা ছাড়ায় নিজেন অসহায়ত্ব জীবনের অবসান ঘটিয়ে আজ সাবলম্বী। স্বামী সংসার ছেড়ে আসা নারীরা বাবা মায়ের বোঝা হয়ে যায়। আমারা এবং সমাজের সকলে তাদের পাশে দাঁড়িয়ে সহযোগীতা,সাহস এবং উৎসাহ দিলে অনেকেই কর্মে নিজেকে আাত্ন নিয়োগ করে নতুন ভাবে বাাঁচার অনুপ্রেরণা পাবে। মেহেরপুরে এমন আত্ন প্রত্যয়ী ও জয়িতা রয়েছে শতাধিক। তারা তাদের নিজের জীবনের সাথে সমাজের সাথে সংগ্রাম করেই জীবন সংগ্রাম চালিয়ে আসছেন।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস পালন

“টেকসই আগামীর জন্য জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর মহিলা বিষয়ক অধিদপ্তরের সভাপতি শামীম আরা হীরা, মেহেরপুর সদর উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলা হাফিয়া, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমুখ।

মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার আয়োজিত আলোচনা সভায় শহর যুব মহিলা লীগের সভানেত্রী রোকসানা কামাল রুনু,অতিরিক্ত পুলিশ সুপার,সদর সার্কেল অপু সরোয়ার, সি.ডি.পি উপ-পরিচালক প্রভঞ্জন বিশ্বাস,মোছাঃ নূর জান্নাতুল আরা সহ জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার সদস্যরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

প্রতি যেমন ভালবাসার কথাগুলো মুখে মুখে বয়ে বেড়াচ্ছেন। ঠিক তেমনী বিভিন্ন সময়ে পাওয়া না পাওয়া নিয়ে অনেকের সাথে অনেকের মাঝে বেড়েছে দুরত্ব। তৃণমুলের নেতা কর্মীদের সাথে উপজেলা পর্যায়ের নেতা কর্মীদের মাঝে পুঞ্জভূত ক্ষোভেরও সৃষ্টি হয়েছে।

ভোটের হিসেব নিকেশ সব মিলিয়ে গাংনীর সম্ভাব্য প্রার্থীরা এখন ছুটছেন তৃণমুলের নেতা কর্মীদের সাথে ভাব লাভ বাড়ানোর জন্য। তবে ভোটের মাধ্যমে তাদের নেতা নির্বাচিত হবেন নাকি কেন্দ্র থেকে তৃণমুলের নেতা কর্মীদের উপেক্ষা করে কেন্দ্র থেকে পাঠানো প্রেসক্রিপশন দিয়ে নেতা চাপিয়ে দেবেন এ নিয়ে আওয়ামী লীগের রাজনৈতিক অঙ্গণ এখন বেশ উত্তপ্ত হয়ে পড়েছে।

তবে, দলীয় কাউন্সিলররা সরাসরি ভোটের দাবী করেছেন আওয়ামী লীগ সভাপতি গণতন্ত্রের মানষ কন্য শেখ হাসিনার কাছে। তারা বলেছেন, দীর্ঘদিন পর কাউন্সিলর অনুষ্ঠিত হবে। অতএব প্রত্যক্ষ ভোট দিতে চাই আমরা। ভোটের মাধ্যমেই আমরা আমাদের দলীয় নেতা নির্বাচিত করবো।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সর্বশেষ কাউন্সিল হয়েছিলো ২০০৪ সালের মার্চ মাসে। নির্বাচনে বর্তমান উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বিপুল ভোটে সভাপতি নির্বাচিত হন। আর সাধারণ সম্পাদক নির্বাচিত হন বর্তমান মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এই কাউন্সিলের আগে গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন মরহুম এনামুল হক ও সাধারণ সম্পাদক ছিলেন এম এ খালেক।

পরে ২০১৫ সালে মেহেরপুর সামসুজ্জোহা পার্কে জেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কাউন্সিলে কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেনকে সভাপতি ও এমএ খালেককে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করে আংশিক কমিটির নাম ঘোষণা করেন। পরে এম এ খালেক গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের পদ ছেড়ে দেন। সেই থেকে গোলামে মোস্তফা গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়ীত্ব পালন করে আসছেন।

দীর্ঘ প্রায় আঠার বছর পর ২০ মার্চ গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্মেলনকে ঘীরে ইতোমধ্যে পোস্টার-ব্যানারে ছেয়ে গেছে পুরো উপজেলা শহরসহ

বিভিন্ন গুরুত্বপূরর্ণ স্থান।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সম্পাদকসহ গুরুত্বপূর্ণ পদগুলোতে কে কোন পদে স্থান পাচ্ছেন এ নিয়ে চলছে নানা জল্পনা- কল্পনা।

২০ মার্চ গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে হবে এই ত্রিবার্ষিক সম্মেলন। সেখানে চলছে নানা প্রস্তুতি। উপজেলা শহরের বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, শহরের প্রতিটি প্রবেশপথ থেকে শুরু করে সম্মেলনস্থল পর্যন্ত পোস্টার-ব্যানারে ঠাসা সড়কগুলো। ট্রাফিক আইল্যান্ড থেকে বৈদ্যুতিক তারের খুঁটি, কোথাও জায়গা খালি নেই আর। পুরো শহর এখন রঙিন বিলবোর্ডের দখলে।

দলীয় নেতা-কর্মীরা বলেন, ২০০৪ সালের মার্চ মাসে সর্বশেষ গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আওয়ামী লীগ সূত্রে জানা গেছে, বেলা ১১টায় কেন্দ্রীয় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. জাফর উল্ল্যাহ চৌধুরী, বাহাউদ্দীন নাছিম, খুলনা বিভাগীয় সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, আওয়ামীলীগের কেন্দ্রীয় নেত্রী কল্পনা খাতুনসহ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ সম্মেলনের উদ্বোধন করবেন বলে কথা রয়েছে।

নতুন কমিটিতে সভাপতি ও সম্পাদক পদ কে পাবেন, তা নিয়ে নেতা- কর্মীদের মধ্যে বেশি আলোচনা চলছে। উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক পদ দুটিতে পদে প্রায় ২০ জনের নাম আলোচনায় রয়েছেন।

তাঁদের মধ্যে সভাপতি পদের ‘হেভিওয়েট’ প্রার্থী দলের বর্তমান সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এ ছাড়া আরও আলোচনার রয়েছেন জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সাবেক এমপি নুরুল হকের ছেলে ডা. নাজমুল হক সাগর, বর্তমান গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, সাবেক ছাত্র নেতা রিয়াজ আহমেদ, অ্যাডভোকেট শফিকুল আলমসহ বেশ কয়েকজনের নাম শোনা যাচ্ছে।

অন্যদিকে সাধারণ সম্পাদক পদে বেশি আলোচনায় আছেন দলের বর্তমান সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মকলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা

সাহিদুজ্জামান খোকন বিগত একাদশ নির্বাচনে দলীয় মনোনয় পাওয়ার পর দীর্ঘ ৩২ বছর পর আওয়ামী লীগের নৌকা জয়ের মুখ দেখেছে। সবশেষ ১৯৮৬ সালের সাধারণ নির্বাচনে নুরুল হক আওয়ামী লীগের দলীয় সাংসদ নির্বাচিত হয়েছিলেন। তারপর থেকে মেহেরপুর-২ (গাংনী)আসনটি ছিলে বিএনপি ও স্বতন্ত্র প্রার্থীর দখলে। মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি নির্বাচিত হওয়ার পর বিগত দিনে স্থানীয় উপজেলা পরিষদ নির্বাচন, পৌর নির্বাচন ও ইউনিয়ন পরিষদ নির্বাচনগুলোতে আওয়ামী লীগের দলীয় প্রার্থীরা বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন। আর এটা গাংনী উপজেলা আওয়ামী লীগের এই মেয়াদ উত্তীর্ণ কমিটির সফলতা হিসেবেই দেখছেন কমিটির নেতৃবৃন্দ।

গাংনীতে ইটভাটার ট্রাক্টটের চাকায় পিষ্ট হয়ে প্রাণ হারালেন ওই ভাটার এক শ্রমিক

লাইসেন্স বিহীন ইটভাটা ও অবৈধ ড্রাম ট্রাক্টরের টাকায় স্পৃষ্ট হয়ে কদর আলী (৪৫) নামের এক ভাটা শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার মঙ্গলবার সকাল ৭ টার দিকে গাংনী ধানখোলা সড়কের আস্থা ইটভাটায় এ দুর্ঘটনা ঘটে। নিহত কদর আলী গাংনী থানাপাড়া এলাকার মৃত লাড্ডু হোসেনের ছেলে। তিনি দুই সন্তানের জনক।

ঘটনার পর থেকে ইটভাটার মালিক স্বপন আলী ও ড্রাম ট্রাক্টর চালক খোরশেদ আলী পলাতক রয়েছে।

ভাটা শ্রমিক ফিরোজা খাতুন ও মহসিন আলী জানান, সকাল সাড়ে ৬ টার দিকে নিহত কদর আলী ইট তৈরীর ছোট হাতে ঠেলা টলি দিয়ে বালি ফেলছিলেন। একই সময়ে ড্রাম ট্রাক্টরে করে চালক খোরশেদ আলী কাঁদা ফেলছিলেন। দুজন দুজনকে পেছনে ফেলে বালি ও কাঁদা ফেলছিলেন তারা। হঠাৎ ড্রাম ট্রলির নিচে পড়ে যান কদর আলী। কদর আলীর মাথা কাঁদা বোঝায় ড্রাম ট্রলির পেছনের চাকার নিচে পড়ে বিকট শব্দে ফেটে গিয়ে

ঘটনাস্থলেই নিহত হন।

নিহতের স্ত্রী ফিরোজা খাতুন জানান, অন্যদিন একটু দেরীতে কাজে গেলেও আজ সকালে সে অনেক আগেই বাড়ি থেকে বেরিয়ে এসেছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।